

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০


ওয়েব সাইট: www.acc.org.bd

পুনঃদরপত্র বিজ্ঞপ্তি

নং দুদক/প্রশাঃ ও লজিঃ/০৩/২০১৬/২৪৪৭৮

তারিখ: ১২-০৬-২০১৬ খ্রিঃ।

দুর্নীতি দমন কমিশনের আওতাধীন সততা সংঘের ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণের জন্য দরপত্র তফসিলে বর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী ৫৪,০০০টি খাতা ক্রয়ের নিমিত্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ ১৯-০৬-২০১৬ খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত। বিস্তারিত তথ্য কমিশনের ওয়েব সাইটে পাওয়া যাবে।


মনজুর আহম্মদ
পরিচালক (অর্থ ও হিসাব)
ফোন: ৯৩৬০২৭৫

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

পুনঃদরপত্র বিজ্ঞপ্তি নং দুদক/প্রশাঃ ও লজিঃ/০৩/২০১৬/২৪৪৭৮

তারিখ: ১২-০৬-২০১৬ খ্রিঃ।

দরপত্র তফসিল

বিষয়: খাতা ক্রয়ের দরপত্র প্রস্তাব ও শর্তাবলী।

দুর্নীতি দমন কমিশনের আওতাধীন সততা সংঘের ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণের জন্য নিম্নবর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী খাতা ক্রয় করার নিমিত্ত প্রকৃত মালিক/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলীর ভিত্তিতে দরপ্রস্তাব আহবান করা যাচ্ছে :

স্পেসিফিকেশন:

খাতা (নমুনা মোতাবেক) ৫৪,০০০(চুয়ান্ন হাজার)টি		
(ক)	সাইজ	৮.৭৫" × ১১.২৫"
(খ)	পেপার	৬১ গ্রাম পারটেক্স
(গ)	ছাপা	ইনার এক কালার ২ সাইড
(ঘ)	ইনার পাতা	৫০ পাতা/সীট (পৃষ্ঠা-১০০)
(ঙ)	কভার	৩০০ গ্রাম ডুপ্লেক্স বোর্ড (কোরিয়ান)
(চ)	ছাপা	পাঁচ কালার
(ছ)	বাঁধাই	দুই জুস সেলাই
(জ)	অন্যান্য	কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক

শর্তাদি :

১)	প্রতিসেট দরপত্র সিডিউলের মূল্য ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য)।
২)	দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান/দপ্তর : দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
৩)	দরপত্র দাখিলের স্থান/দপ্তর : দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
৪)	দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ ও সময় : ১৯-০৬-২০১৬ খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত।
৫)	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় : ২০-০৬-২০১৬ খ্রিঃ সকাল ১০:৩০ ঘটিকা।
৬)	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় : দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়ে পরিচালক (প্রশাসন ও সংস্থাপন) এর অফিস কক্ষে আগামী ২০-০৬-২০১৬ খ্রিঃ ১১:০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
৭)	স্পেসিফিকেশন অনুযায়ী খাতা সরবরাহ করতে হবে।
৮)	দাখিলকৃত দরপত্রের কার্যকারিতা (Validity) দরপ্রস্তাব খোলার তারিখ হতে ১২০(একশত বিশ) দিন পর্যন্ত বহাল থাকবে।
৯)	দরদাতাকে দরপত্রের সাথে নির্ধারিত “দর প্রস্তাব তফসিল” ছকে অংকে ও কথায় দর উল্লেখ করতে হবে এবং লিখিত দরে কোন প্রকার ঘষামাজা বা উপরিলিখন অথবা কারেকটিং ফুইড গ্রহণযোগ্য হবে না।
১০)	দরপত্রের সাথে নিরাপত্তা জামানত হিসেবে কোন তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা-এর অনুকূলে অবশ্যই সংযুক্ত করতে হবে। নিরাপত্তা জামানত ব্যতীত দরপত্র সরাসরি বাতিল করা হবে। দরপত্র জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এক বছর কমিশনে জমা থাকবে।
১১)	দরদাতাকে দরপত্রের সাথে ট্রেড লাইসেন্স, ভ্যাট এবং টিআইএন সার্টিফিকেটসহ হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
১২)	দরপত্রের সাথে দাখিলকৃত যে কোন মিথ্যা/ভুল কাগজপত্র দাখিল করা হলে এবং উহা জাল মর্মে প্রমাণিত হলে নিরাপত্তা জামানতের অর্থ বাজেয়াপ্তসহ সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৩)	সীলমোহরকৃত খামের উপর কাজের নাম এবং পার্শ্বে দরদাতার নাম ও ঠিকানা, টেলিফোন নম্বর পরিষ্কারভাবে উল্লেখ করতে হবে।

স্বাক্ষর

